



০০০০

০০০০০০ ০০০০০০০ ০০০০০০০ ০০০০০০০, ০০০০০০, ০০০০০০০০

Job Category: Administration/General  
Management

Job Source: ০০০০ ০০০০

## Job Summary

Posted On: 10 Dec 2024

Application Deadline: 31 Dec 2024

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

মীরসরাই, চট্টগ্রাম।

www.mirsharai.chittagong.gov.bd

স্মারক নং : ০৫.৪২.১৫৫৩.০০২.০৪.০১১.২৪

তারিখ : ২৪ অগ্রহায়ণ-১৪৩১  
০৯ ডিসেম্বর-২০২৪ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের অধীন মীরসরাই উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের জন্য নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে একজন ইমাম (খতিব হিসেবে দায়িত্ব পালনের যোগ্যতা থাকতে হবে) এবং একজন খাদিম নিয়োগের জন্য আত্রাহী প্রার্থীদের নিকট হতে উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, বরাবর দরখাস্ত আহবান করা হচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	শিক্ষাগত যোগ্যতা
০১	ইমাম ও খতিব	০১ (এক)	১৫,০০০/=	ক. কামিল/দাওরা হাদীস পাশ, কমপক্ষে দ্বিতীয় বিভাগ উত্তীর্ণ হতে হবে। খ. কোন প্রতিষ্ঠানে মুহাদ্দিস, মুফতী বা জামে মসজিদের খতিব হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ. হাফেজে কুরআন ও ইলমে ক্বিরাত ত্রিখারীগণ অগ্রাধিকার পাবেন। ঘ. আরবি ভাষায় কথা বলা ও উপস্থিত খুতবা পাঠ, ইসলামের উপর গবেষণামূলক প্রকাশনা, সুমধুর কণ্ঠ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	খাদিম	০১ (এক)	৭,৫০০/=	ক. আলিম/সমমান কওমী পাশ কমপক্ষে দ্বিতীয় বিভাগ উত্তীর্ণ হতে হবে। খ. শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ. কোন জামে মসজিদের খাদেম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

### শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক এবং মীরসরাই উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা সনদ (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে। www.mirsharai.chittagong.gov.bd লিংকের নোটিশ বোর্ড/মডেল মসজিদ ইসলামিক ফাউন্ডেশন অফিসে আবেদন করার নমুনা ফরমেট পাওয়া যাবে।
- আবেদনপত্রের সাথে (ক) ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশীট ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- আগামী ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০৪ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই কার্যালয়ে/মডেল মসজিদ ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়ে ডাকযোগে/সরাসরি আবেদন জমা দিতে হবে।
- বাহ্যিকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।
- প্রার্থীকে নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- এই নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী। এক্ষেত্রে বর্ণিত নীতিমালা ০৫ এর বিধানসমূহ প্রযোজ্য হবে।
- আবেদনপত্র গ্রহণ, বাতিল, ও সংরক্ষণসহ বিজ্ঞপ্তির যে কোন অংশের সংশোধন বা বাতিল করার ক্ষমতা কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মাহফুজা জেরিন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

সভাপতি, উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি

মীরসরাই, চট্টগ্রাম।

ফোন ০১৭৩৩-৩৩৪৩৫১

www.mirsharai.chittagong.gov.bd

নং- ৯৪/১২